# পার্বত্য জেলা পরিষদ

**খাগড়াছড়ি।**

## ২০০০ সনের ৩নং প্রবিধানমালা

**১। সংক্ষিপ্ত শিরোনামা ঃ**

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন)- এর ধারা ৯-এর সহিত পঠিতব্য ধারা ৬৯ এবং খাগড়াছড়ি স্থানীয় সরকার পরিষদ (সংশোধন) আীন, ১৯৯৮ (১৯৯৮ ইং সনের ১০ নং আইন)-এর ধারা ৩৩-এ প্রদত্ত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের সুযোগ-সুবিধা সংক্রান্ত ইতিপূর্বে অনুমোদিত প্রবিধানমালা অধিকতর সংশোধনকল্পে নিম্মোক্ত প্রবিধানমালা প্রবর্তন করা হইল। এই প্রবিধানমালা **"খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণের সুযোগ-সুবিধা সংক্রান্ত সংশোধিত প্রবিধানমালা ২০০০ (২০০০ ইং সনের ৩নং প্রবিধানমালা)"** নামে অভিহিত হইবে। এই প্রবিধানমালা কার্যকরী হওয়ার তারিখ হইতে ইতিপূর্বে এতদসংক্রান্ত প্রণীত প্রবিধান সমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।

**২। সংজ্ঞা ঃ**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই প্রবিধানমালায়

(ক) পরিষদ অর্থ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

(খ) চেয়ারম্যান অর্থ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান এবং

(গ) সদস্য অর্থ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের সদস্য বুঝাইবে।

৩। যেহেতু পরিষদের চেয়ারম্যান সরকার কর্তৃক একজন উপ-মন্ত্রীর পদমর্যাদা সম্পন্ন বলে ঘোষিত হয়েছেন সেহেতু সরকারের একজন উপ-মন্ত্রীর সুযোগ-সুবিধার অনুরূপ হিসাবে পরিষদের চেয়ারম্যান নিম্মোক্ত সুযোগ-সুবিধা পাইবেন ঃ

(১) সম্মানীভাতা ঃ (ক) চেয়ারম্যান ১০,৬০০/- (দশ হাজার ছয়শত) টাকা প্রতি মাসে সম্মানীভাতা হিসাবে পাইবেন।

(খ) চেয়ারম্যান কর্তৃক গৃহীত সম্মানীসহ সকলভাতাদি করমুক্ত থাকিবে।

(২) চেয়ারম্যান ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রতিমাসে আপ্যায়ন ভাতা হিসাবে পাইবেন।

(৩) চেয়ারম্যান ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা প্রতিমসে ভ্রমণভাতা হিসাবে পাইবেন।

(৪) ব্যয়নিয়ন্ত্রক ভাতা (Sumptuary allowance) ঃ চেয়ারম্যান প্রতিমাসে Sumptuary allowance বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা করিয়া পাইবেন।

(৫) পরিবহন ঃ চেয়ারম্যান সরকার কর্তৃক প্রদত্ত সরকারী যানবাহন পাইবেন।

(৬) সরকারী বাসা ঃ

(ক) চেয়ারম্যান সরকারী বাসা পাইবেন। বাসা মেরামত ও সংরক্ষণ বাবদ কোন চার্জ তাঁহার নিকট থেকে আদায় যোগ্য নহে।

(খ) চেয়ারম্যান সরকারী খরচে উক্ত বাসার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ফার্ণিচার পাইবেন।

(গ) চেয়ারম্যান দায়িত্ব গ্রহণের সাথে সাথে সরকার কর্তৃক বাসা প্রদান সম্ভব না হইলে মাসিক সর্বোচ্চ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বাসা ভাড়া পাইবেন।

(ঘ) চেয়ারম্যান নিজস্ব বাসায় বাস করিলে-

(অ) মাসিক ১৫,০০০/- (পনের হাজার) টাকা বাড়ীভাড়া পাইবেন।

(আ) তিন মাসের বাড়ীভাড়া সমান টাকা প্রতি বছর বাসা মেরামত ও সংরক্ষণের জন্য পাইবেন।

(ঙ) চেয়ারম্যান নিজস্ব বাসায় বসবাস করিলে হাউজ গার্ড শেড নির্মাণের জন্য সর্বোচ্চ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা ব্যয় করা যাইবে।

(চ) চেয়ারম্যান তাঁহার দায়িত্ব ভার হস্তান্তর করিবার পর সরকারী বাসায় বা ভাড়া করা বাসায় সর্বোচ্চ ১ (এক মাস অবস্থানের সুযোগ পাইবেন।

(৭) **বাংলাদেশের অভ্যন্তরে ভ্রমণ ঃ**

(ক) চেয়ারম্যান বাংলাদেশের অভ্যন্তরে ভ্রমণের ক্ষেত্রে একজন উপ-মন্ত্রীর পদমর্যাদা সম্পন্ন হিসাবে ভিআইপির মর্যাদা পাইবেন।

(খ) রেলপথে ভ্রমণের ক্ষেত্রে-

(i) চেয়ারম্যান রেলপথে ভ্রমণের ক্ষেত্রে ট্রেনের সর্বোচ্চ শ্রেণী পাইবেন।

(ii) চেয়ারম্যানের কর্তৃক রেলপথে ভ্রমণ কালে তাঁহার একজন ব্যক্তিগত এ্যাটেনডেন্ট ট্রেনের নিম্মতম শ্রেণীতে ভ্রমণের সুযোগ পাইবেন।

(iii) চেয়ারম্যানের ব্যক্তিগত সর্বোচ্চ তিন মণ ওজনের লাগেজ ভ্রমণ কালো বহন করা যাইবে।

(গ) স্টীমার যোগে ভ্রমণের ক্ষেত্রে-

(i) চেয়ারম্যান স্টীমারে ভ্রমণ বাবদ প্রকৃত পরিশোধকৃত ব্যক্তিগত ভাড়া পাইবেন।

(ii) চেয়ারম্যানের কর্তৃক স্টীমারে ভ্রমণ কালে তাঁহার একজন ব্যক্তিগত এ্যাটেনডেন্ট স্টীমারের নিম্মতম শ্রেণীতে ভ্রমণের সুযোগ পাইবেন।

(iii) চেয়ারম্যানের ব্যক্তিগত সর্বোচ্চ তিন মণ ওজনের লাগের ভ্রমণ কালে বহন করা যাইবে।

(ঘ) বিমান পথে ভ্রমণের ক্ষেত্রে-

(i) চেয়ারম্যান বিমান পথে ভ্রমণ কালে প্রকৃত বিমান ভাড়া পাইবেন।

(ii) ৭৫ পাউন্ড ওজনের ব্যক্তিগত লাগেজ পরিবহনের সুযোগ পাবেন (বিমান কোম্পার্নী কতৃক প্রদত্ত ফ্রি এলাউন্সসহ)।

(iii) চেয়ারম্যান জনস্বার্থে হেলিকপ্টার অথবা বিমানের জন্য ইনডেন্ট প্রদান করিতে পারিবেন।

(ঙ) চেয়ারম্যান সদর দপ্তর থেকে ৫ মাইল দূরত্বের বাহিরে ভ্রমণ করিলে-

(i) তাঁহার জন্য নির্ধারিত যানবাহন ছাড়া অন্য যানবাহন ব্যবহারের ক্ষেত্রে একজন ব্যক্তিগত এ্যাটেনডেন্ট পাইবেন।

(ii) দৈনিক ভাতা প্রাপ্য সময়ের জন্য ভ্রমণ হইলে তিন মণ লাগেজ সঙ্গে নেওয়া যাইবে।

(৮) চেয়ারম্যান বিমান পথে ভ্রমণের জন্য বার্ষিক ভিত্তিতে সরকারী খরচে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার ইন্সুরেন্স সুবিধা পাইবেন।

(৯) সদর দপ্তরের বাহিরে রাত্রি যাপন/অবস্থান ঃ

(ক) চেয়ারম্যান সদর দপ্তরের বাহিরে রাত্রি যাপন/অবস্থান করিলে প্রথম দশ দিনের জন্য প্রতিদিন ২০০/- (দুইশত) টাকা হারে এবং উক্ত অবস্থানের ধারাবাহিকতায় পরবর্তী বিশ দিনের জন্য প্রতিদিন উক্ত হারের দুই-তৃতীয়াংশ করিয়া দৈনিকভাতা পাইবেন এবং তৎপরবর্তী দিন সমূহের প্রতিদিনের জন্য একই হারের অর্ধেকাংশ করিয়া দৈনিক ভাতা পাইবেন।

(খ) চেয়ারম্যানকে বাংলাদেশের অভ্যন্তরে ভ্রমণকালীন সার্কিট হাউজে অবস্থানের জন্য কোন সিট ভাড়া, বিদ্যুৎ বিল, পানির বিল বা সংরক্ষণ কর দিতে হইবে না।

(১০) চেয়ারম্যান উপমন্ত্রীর পদমর্যাদা সম্পন্ন হিসাবে নিজেই নিজের নিয়ন্ত্রকারী কর্মকর্তা হিসাবে বিবেচিত হইবেন।

(১১) বিদেশ ভ্রমণ ঃ পরিষদের চেয়ারম্যান বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারী নির্দেশ মতে উপমন্ত্রীর জন্য প্রযোজ্য বিদেশ ভ্রমণভাতা/সুবিধাদি পাইবেন।

(১২) চিকিৎসা সুবিধাদি ঃ চেয়ারম্যান উপ-মন্ত্রীর পদমর্যাদা সম্পন্ন হিসাবে স্পেশাল মেডিক্যাল এ্যাটেনডেন্স রুলস ১৯৫০ অনুযায়ী নিজের জন্য ও নিজের পরিবারের জন্য নিজস্ব বাসায় চিকিৎসা সুবিধা পাইবেন। ব্যাখ্যা- এই ক্ষেত্রে পরিবার হিসাবে পিতা-মাতা, বোন এবং নাবালগ ভাই (যাহারা চেয়ারম্যানের সাথে বসবাসরত এবং তাঁহার উপর সম্পূর্ণ নির্ভরশীল) অন্তর্ভূক্ত হইবে।

(১৩) চেয়ারম্যান তাঁহার ব্যক্তিগত বাড়ীতে সরকারী খরচে একটি টেলিফোন পাইবেন।

(১৪) ঐচ্ছিক মঞ্জুরীদান (Discretionary grant) তহবিল ঃ চেয়ারম্যান সরকার থেকে বার্ষিক সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত ঐচ্ছিক মঞ্জুরীদান (Discretionary grant) তহবিল পাইবেন।

৪। **পরিষদের সদস্যগণের সুযোগ-সুবিধা ঃ**

(১) সদস্যগণ প্রত্যেকে প্রতি মাসে নিম্মরূপ সুযোগ-সুবিধা পাইবেন ঃ
(ক) সম্মানী-ভাতা ৩,০০০/- (তিন হাজার) টাকা।
(খ) বাড়ীভাড়া ভাতা ঃ ২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র।
(i) ভাড়া করা বাড়ীতে বসবাস করিলে প্রকৃত বাড়ীভাড়া ভাতা পাইবেন, তবে ইহা ২,০০০/- (দুই হাজার) টাকার বেশী হইবেনা।
(ii) নিজস্ব বাড়ীতে বসবাস করিলে বাড়ীভাড়া ভাতা নির্ধারিত ২,০০০/- (দুই হাজার) টাকা পাইবেন।

(গ) ভ্রমণভাতা ঃ

পরিষদের কাজে দেশের অভ্যন্তরে স্থল/নৌ পথে যে কোন যানবাহনে সর্ব্বোচ্চ শ্রেণিতে যাতায়াত- ভাতা অথবা বিমানে ভ্রমণের ক্ষেত্রে প্রকৃত বিমানভাড়া পাইবেন এবং ভ্রমণকালীন ৭৫/- (পঁচাত্তর) টাকা হারে দৈনিক ভাতা পাইবেন। তবে শর্ত থাকে যে, দৈনিক ভাতা (মাসিক এককালীন) ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা মাত্র পাইবেন।
(ঘ) প্রত্যেক সদস্য বাসায় টেলিফোন ব্যবহারের বিল বাবদ প্রতি মাসে সর্ব্বোচ্চ ৮,০০/- (আটশত) টাকা পাইবেন।

৫। এই প্রবিধানমালা কার্যকরী করিবার জন্য পরিষদ কর্তৃক যে তারিখে প্রজ্ঞাপন জারী করা হইবে সে তারিখ হইতে এই প্রবিধানমালা কার্যকর হইবে।

পরিষদের অনুমোদনক্রমে

(যতীন্দ্র লাল ত্রিপুরা)
চেয়ারম্যান,
পার্বত্য জেলা পরিষদ,
খাগড়াছড়ি।

# স্থানীয় সরকার পরিষদ,
## খাগড়াছড়ি পার্বত্য জেলা।

## প্রজ্ঞাপন

নং- ৮-৫০/৯০- /স্থাঃ সঃ পঃ তারিখ ঃ-০১/০৩/৯০ইং<br>১৭/১১/৯৬ইং

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর যারা ৯ এর সহিত পতিত উক্ত আইনের যারা ৬৯ তে প্রদত্ত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্মরূপ

**প্রবিধানমালা প্রনয়ন করিলেন, যথা ঃ-**

১। সংক্ষিপ্ত শিরনামা ঃ এই প্রবিধানমালা খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান এবং সদস্যগণের (সুযোগ-সুবিধা) প্রবিধানমালা, ১৯৯০ নামে পরিচিত হইবে।

২। সংজ্ঞা ঃ বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই প্রবিধানমালায়

(ক) "পরিষদ" অর্থ খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

(খ) "চেয়ারম্যান" অর্থ পরিষদের চেয়ারম্যান।

(গ) "সদস্য" অর্থ পরিষদের সদস্য।

৩। **চেয়ারম্যানের সুযোগ সুবিধা ঃ**

(১) পরিষদের চেয়ারম্যান প্রতিমাসে নিম্মরূপ সুযোগ সুবিধাধি পাইবেন, যথা ঃ-

(ক) সম্মানী ভাতা- ৪,০০০/- (চার হাজার) টাকা।

(খ) আপ্যায়ন ভাতা-১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা।

(গ) বাসা ভাড়া ভাতা- (১) ভাড়া করা বাসায় বসবাস করিলে মাসিক প্রকৃত বাসা ভাড়া পাইবেন, তবে ইহা ৬,০০০/- (ছয় হাজার) টাকার উর্দ্ধে হইবেনা।

(২) নিজস্ব বাড়ীতে বসবাস করিলেও বাড়ীভাড়া ভাতা হিসাবে নির্ধারিত ৬,০০০/- (ছয় হাজার) টাকা পাইবেন।

(৩) সরকার কর্তৃক প্রদত্ত বাড়ীতে বসবাস করিলে কোন প্রকার বাসা ভাড়া ভাতা পাইবেন না।

(২) চেয়ারম্যান সরকার কর্তৃক প্রদত্ত গাড়ী ব্যবহারের সুযোগ পাইবেন।

(৩) চেয়ারম্যান দেশের অভ্যন্তরে ভ্রমনের জন্য নিম্মরূপ সুবিধাদি পাইবেন, যথা ঃ-

(ক) ট্রেনে সর্বোচ্চ শ্রেণীর প্রকৃত ভাড়া, এবং

(খ) ব্যক্তিগত এ্যাটেনডেন্ট, সর্ব নিম্ম শ্রেণীতে তিন মন ওজনের লাগেজসহ।

(গ) ষ্টীমারে সর্বোচ্চ শ্রেণীর প্রকৃত ভাড়া এবং

(ঘ) ব্যক্তিগত এ্যাটেনডেন্ট, সর্ব নিম্ম শ্রেণীতে তিন মন ওজনের লাগেজ সহ।

(ঙ) বিমানে ৭৫ পাউন্ড ওজনের লাগেজসহ প্রকৃত ভাড়া এবং প্রয়োজনবোধে সরকারী হেলিকপ্টার/এ্যারোপ্লেন-এর জন্য ইনডেন্ট প্রদান করিতে পারিবেন।

(চ) সড়ক পথে ব্যক্তিগত এ্যাটেনডেন্ট নিতে পারিবেন।

(ছ) ভ্রমণ কালীন সময়ব্যাপী ৭,৫০০ টাকা হারে দৈনিক ভাতা পাইবেন।

(৪) পরিষদের চেয়ারম্যান সরকারী কাজে বিদেশে সফরের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ভ্রমণ ভাতা পাইবেন।

(৫) পরিষদের চেয়ারম্যান সরকারী কাজে বিদেশে সফরের জন্য সরকার কতৃক নির্ধারিত ভ্রমণ ভাতা পাইবেন।

(৬) নিজ বাসায় অবস্থান করিলে হাউজ গার্ড শেড নির্মানের জন্য সর্বোচ্চ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা যাইবে।

৪। পরিষদের সদস্যগনের সুযোগ-সুবিধা- (১) পরিষদের সদস্যগণ প্রতিমাসে নিম্মরূপ সুযোগ-সুবিধা পাইবেন যথা ঃ-

(ক) সম্মানী ভাতা ঃ- ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা।

(খ) বাড়ী ভাড়া ভাতা ঃ- (১) ভাড়া করা বাসায় বসবাস করিলে মাসিক প্রকৃত বাসা ভাড়া পাইবেন, তবে ইহা ১,০০০/- (এক হাজার) টাকার উর্দ্ধে হইবে না।

(২) নিজস্ব বাড়ীতে বসবাস করিলে বাড়ী ভাড়া ভাতা হিসাবে নির্ধারিত ১,০০০/- (এক হাজার) টাকা পাইবেন।

(গ) দৈনিক ভাতা ঃ- ৫০০/- (পাঁচশত) টাকা। (এক কালীন মাসিক)

(২) পরিষদের সদস্যগণ দেশের অভ্যন্তরে স্থল কিংবা জল পথে যে কোন যান বাহনে সর্বোচ্চ শ্রেণীতে যাওয়া আসার ভাড়া অথবা বিমানের যাওয়া আসার ভাড়া পাইবেন এবং ভ্রমণকালীন ৫০/- (পঞ্চাশ) টাকা হারে দৈনিক ভ্রমণ ভাতা পাইবেন ঃ তবে শর্ত থাকে যে, তাঁহারা প্রত্যেকে প্রতিমাসে সর্বোচ্চ ১,০০০/- (এক হাজার) টাকার অধিক এইরূপ দৈনিক ভাতা পাইবেন না।

(৩) পরিষদের সদস্যগণ বাসায় টেলিফোন ব্যবহারের বিল বাবদ প্রতিমাসে সর্বোচ্চ ৩০০/- (তিনশত) টাকা পাইবেন।

৫। এই প্রবিধানমালায় প্রদত্ত সুযোগ-সুবিধাদি পাওয়ার অধিকার। পরিষদ গঠিত হওয়ার পরে পরিষদের অনুষ্ঠিত প্রথম অধিবেশনের তারিখ হইতে চেয়ারম্যান ও সদস্যগণ এই প্রবিধানমালায় প্রদত্ত সুযোগ-সুবিধাদি ভোগ করিবেন।

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার
পরিষদের আদেশক্রমে

**(সমীরণ দেওয়ান)**
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

**স্থানীয় সরকার পরিষদ কার্যালয়**
**খাগড়াছড়ি পার্বত্য জেলা।**

**"প্রজ্ঞাপন"**

স্মারক নং- ২০-২/৯৬-১৬৮ (খ) তারিখ ঃ ১০-০৪-১৯৯৬ইং।

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থায়ীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ আইন) এর ধারা ১ এর সহিত সঠিক উক্ত আইনের ৬১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকারের পূর্বানুমোদনক্রমে পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ, খাগড়াছড়ির চেয়ারম্যান এ সদস্যবৃন্দের সুযোগ-সুবিধা প্রবিধানমালা নিম্মরূপ আংশিক সংশোধনক্রমে প্রণয়ন করিলেন ঃ-

(১) প্রবিধানের ৩নং অনুচ্ছেদ বর্ণিত চেয়ারম্যানের সুযোগ-সুবিধার ১ (ক) তে সম্মানী ভাতার ক্ষেত্রে ৪,০০০/- (চার হাজার) টাকা শব্দগুলির পরিবর্তে ৮,০০০/- (আট হাজার) টাকা শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং ১ (গ)-তে বাসাভাড়ার ক্ষেত্রে ৬,০০০/- (ছয় হাজার) টাকা শব্দগুলির পরিবর্তে ১ (গ) উপ-অনুচ্ছেদের (১) ও (২)-তে ৮,০০০/- (আট হাজার) টাকা শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।
প্রবিধানের ৩নং অনুচ্ছেদ বর্ণিত অপরাপর সুযোগ-সুবিধা পূর্বের ন্যায় বহাল থাকিবে।

(২) প্রবিধানের ৪নং অনুচ্ছেদে বর্ণিত সদস্যগণের সুযোগ-সুবিধার ১ (ক)-তে সম্মানী ভাতার ক্ষেত্রে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা শব্দগুলির পরিবর্তে ২,০০০/- (দুই হাজার) টাকা শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। ১ (খ)-তে বাড়ী ভাড়ার ক্ষেত্রে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা শব্দগুলির পরিবর্তে ২,০০০/- (দুই হাজার) টাকা শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। ১ (গ)-তে দৈনিক ভাতার ক্ষেত্রে ১,০০০/- (এক হাজার) টাকা শব্দগুলি পরিবর্তে ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং এই ক্ষেত্রে অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকিবে।
প্রবিধানের ৪ (৩) উপ-অনুচ্ছেদ বর্ণিত টেলিফোন বিলের ৪০০/- (চারশত) টাকা শব্দগুলির পরিবর্তে ৫০০/- (পাঁচশত) টাকা শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(৩) এই প্রবিধানমালার সংশোধনী মাননীয় প্রধান মন্ত্রীর কার্যালয়, স্পেশাল এ্যাফেয়ার্স বিভাগের স্মারক নং এ্যাঃ বিঃ (প্রঃ-১)- ১৩ (চ) ৯৫-৪৯৮, তাং ০৭-০২-৯৬ইং/২৫-১০-১৪০২ বাং মূলে জারীকৃত পত্র এবং অত্র পরিষদের ০৯-০৪-৯৬ইং/২৬-১২-১৪০২বাং তারিখে অনুষ্ঠিত ৮০/৯৬ নং সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক জারী করা হইল।

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার
পরিষদের অনুমোদক্রমে,

**(সমীরণ দেওয়ান)**
চেয়ারম্যান
স্থানীয় সরকার পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।